বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

**৪৬তম বি.সি.এস. পরীক্ষা-২০২৩ এর প্রিলিমিনারি টেস্টের (MCQ Type) পুনঃ নির্ধারিত সময়সূচি**

নথি নম্বর : ৮০.০০.০০০০.২০০.৭৩.০১৯.২৪-৫১

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩০ / ১৯ ফেব্রুয়ারি ২০২৪

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয় : ৪৬তম বি.সি.এস. পরীক্ষা-২০২৩ এর প্রিলিমিনারি টেস্টের (MCQ Type) পুনঃ নির্ধারিত সময়সূচি।**

৪৬তম বি.সি.এস. এর প্রিলিমিনারি টেস্ট (MCQ Type) অনুষ্ঠানের জন্য ০৯ মার্চ ২০২৪ খ্রি. তারিখ নির্ধারিত ছিল। নির্বাচন কমিশন উল্লিখিত তারিখে ময়মনসিংহ সিটি কর্পোরেশনসহ আরও কয়েকটি প্রতিষ্ঠানের নির্বাচনের তফসিল ঘোষণা করায় ৪৬তম বি.সি.এস. এর প্রিলিমিনারি টেস্ট (MCQ Type) ০৯ মার্চ ২০২৪ তারিখের পরিবর্তে ২৬ এপ্রিল ২০২৪ তারিখ, শুক্রবার সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ১২.০০ মিনিট পর্যন্ত একযোগে ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ কেন্দ্রে অনুষ্ঠানের জন্য কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। পরীক্ষার হল, আসন ব্যবস্থা এবং সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ নির্দেশনাসমূহ যথাসময়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে **[www.bpsc.gov.bd]** এবং টেলিটক বাংলাদেশ লিমিটেডের ওয়েবসাইটে **[http://bpsc.teletalk.com.bd]** প্রকাশ করা হবে।

২.০ প্রকাশিত প্রেস বিজ্ঞপ্তিতে পরবর্তীকালে যে কোন সংশোধনের প্রয়োজন হলে তা সংশোধন করার অধিকার বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সংরক্ষণ করে।

৩.০ একইসাথে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় থেকে জারিকৃত ১৮ জানুয়ারি ২০২৪ তারিখের ৩২ নম্বর প্রেস বিজ্ঞপ্তিটি এতদ্বারা বাতিল করা হলো।

স্বাঃ/-
**আনন্দ কুমার বিশ্বাস**
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
[যুগ্মসচিব]
ফোন: ৫৫০০৬৬৪৪

নম্বর : ৮০.০০.০০০০.২০০.৭৩.০১৯.২৪-৫১

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩০ / ১৯ ফেব্রুয়ারি ২০২৪

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

(১) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর (পি.আই.ডি), ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সকল দৈনিক সংবাদপত্রে জরুরিভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশনের সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো)।

(২) মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
(বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং স্ক্রল নিউজ হিসেবে প্রচার করতে অনুরোধ করা হলো)

(৩) বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
(বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো)

(৪) বার্তা সম্পাদক, ......... ........ ........ ........ ........ ........ ........ ........ ........
(বিষয়টি আপনার চ্যানেলে স্ক্রল নিউজ হিসেবে প্রচার করতে অনুরোধ করা হলো)

(৫) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
(প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রদানের জন্য অনুরোধ করা হলো)

(৬) জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
(প্রেস বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

আনন্দ কুমার বিশ্বাস
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
[যুগ্মসচিব]